

একই নম্বর ও তারিখে প্রতিস্থাপিত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
অধিশাখা-১২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.most.gov.bd

নম্বর: ৩৯.০০.০০০০.০১২.৯৯.০০২.২১.২০১


তারিখ: ১২ পৌষ ১৪৩০
২৭ ডিসেম্বর ২০২৩

বিষয়: বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের 'গবেষণা কার্যক্রম' কর্মসূচির আওতায় ২০২২-২০২৩ অর্থবছরের প্রযুক্তি উদ্ভবন, গবেষণা ও উন্নয়নমূলক (R&D) প্রকল্পের **প্রাপ্ত ফলাফলের Research Abstract অনলাইনে জমাদান প্রসঙ্গে।**

বিজ্ঞান ও প্রযুক্তি গবেষণা কাজে উৎসাহ প্রদান এবং উদ্বুদ্ধ করার লক্ষ্যে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় থেকে প্রতি বছর বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও গবেষণা প্রতিষ্ঠানের গবেষকগণকে 'গবেষণা কার্যক্রম' কর্মসূচির আওতায় প্রযুক্তি উদ্ভবন, গবেষণা ও উন্নয়নমূলক (R&D) প্রকল্পে অনুদান প্রদান করা হয়। গত ২০২২-২০২৩ অর্থ বছরে ৩৬৮টি প্রকল্পের অনুমোদন প্রদান করা হয়। এ মন্ত্রণালয়ের উদ্যোগে ২০২২-২৩ অর্থবছর হতে গবেষণার তথ্য সংরক্ষণ করার জন্য গবেষণা প্রকল্পের প্রাপ্ত ফলাফল নিয়ে 'Research Abstract' সংকলিত করার লক্ষ্যে উক্ত গবেষণা প্রকল্পের Research Abstract অনলাইনে সংগ্রহ করার জন্য ইতোমধ্যে Integrated Digital Service Delivery Platform-এ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

০২। এমতাবস্থায়, গত ২০২২-২০২৩ অর্থ বছরের সমাপ্ত গবেষণা প্রকল্পের Abstract এ মন্ত্রণালয়ের Integrated Digital Service Delivery Platform-এর (<https://accounts.most.gov.bd/my-account/en/grant/synopsis-of-research-project-rnd-most?isShowForm=true> লিংকে প্রদত্ত ফরমট অনুযায়ী আগামী ৩১/০১/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে সাবমিট করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, Abstract সাবমিটের ক্ষেত্রে প্রকল্পের প্রকল্প পরিচালক/গবেষককে IDSP প্ল্যাটফর্মে নিবন্ধন করে আইডি-পাসওয়ার্ড লগ-ইন করে Abstract সাবমিট করতে হবে।

প্রয়োজনে বিস্তারিত জানার জন্য হেল্প লাইন নম্বর: ০১৭১৩১৫৭০১২, ০১৭৮৭৬৭৭৭২৩)


(রতন কুমার মন্ডল)
উপসচিব
ফোনঃ ৯৫১৫৪৩৩
E-mail: section12@most.gov.bd

বিতরণ:

প্রকল্প পরিচালক/গবেষক
(২০২২-২০২৩ অর্থবছরে অনুদান প্রাপ্ত সকল)

অনুলিপি:

- ১। যুগ্মসচিব, অধিশাখা-০৯, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সার্বিক সহযোগিতার অনুরোধসহ)।
- ২। সচিবের একান্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব (বিপ্র) এর ব্যক্তিগত কর্মকর্তা, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় (পত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোড এবং অনলাইনে Abstract সাবমিটের বিষয়ে টেকনোভিস্তার সাথে যোগাযোগের অনুরোধসহ)।
- ৫। প্রজেক্ট ম্যানেজার, টেকনোভিস্তা লিমিটেড, বাসা-৪, রোড-৯/বি, নিকুঞ্জ-১, ঢাকা (অনলাইনে Abstract সাবমিটে সার্বিক সহযোগিতার অনুরোধসহ)।